

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩২.০০১.১৭.৭৫

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৪

১৪ মার্চ ২০১৮

বিষয়: চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন "হোগলডাঙ্গা কলেজ"-এ পাঠদানের
অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর এর সুপারিশ মোতাবেক চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন "হোগলডাঙ্গা কলেজ"-এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।



১৪-৩-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (প্রতিকল্প)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩২.০০১.১৭.৭৫/১

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৪

১৪ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) অধ্যক্ষ, হোগলডাঙ্গা কলেজ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।



১৪-৩-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (প্রতিকল্প)